

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৯০(আগরতলা ১৭।১)

মোহনপুর, ১৭ জানুয়ারি, ২০২৪

রাঙাছড়া পঞ্চায়েতে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি মোহনপুর রাঙাছড়া পঞ্চায়েতে এক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। রাঙাছড়া পঞ্চায়েত কমিউনিটি হলে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, জনকল্যাণে কেন্দ্রীয় সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। প্রধানমন্ত্রী ভারতবর্ষের ১৯টি রাজ্যের ৭৫টি পিছিয়ে পড়া জনজাতি গোষ্ঠীর আর্থ সামাজিক মানোন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। তিনি বলেন, দেশের অন্তিম ব্যক্তি বিকশিত হলেই ভারতবর্ষ বিকশিত হবে। এটাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির স্বপ্ন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা, মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব, মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের কোষাধ্যক্ষ জয়লাল দাস, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর রাঙাছড়া পঞ্চায়েতে বিডিও ধৃতিশেখর রায়। শিবিরে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। অনুষ্ঠানে বিকশিত ভারত সংকল্প যাত্রায় কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলির তথ্য সম্বলিত আন্যান্য প্রচার গাড়ির সূচনা করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক।
